



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার ওয়ার্ল্ডস পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার, ৩য় বর্ষ, ১ম সংখ্যা, জুলাই ২০১৩ খ্রী:

এ সংখ্যায় থাকছে

- ১। WPSA-BB কার্যনির্বাহী পরিষদ ২০১৩-১৪:- পৃষ্ঠা-২
- ২। প্রবন্ধ/নিবন্ধ:- পৃষ্ঠা ৩-৪
- ৩। WPSA-BB স্থানীয় বার্তা:- পৃষ্ঠা ৪-৭
- ৪। ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা:- পৃষ্ঠা-৮

সম্পাদকীয় উপদেষ্টামন্ডলী

মসিউর রহমান, সভাপতি- WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক- WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি- WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এস. ডি. চৌধুরী, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ই-মেইলঃ drsdchow@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ডাঃ মোঃ কামরুজ্জামান, যুগ্ম- সম্পাদক- WPSA-BB
ডাঃ এসএমএফবি আব্দুস সবুর, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ড. মোঃ ইলিয়াস হোসেন, সদস্য- WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন- ৮৮৩২২৩৮
মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

Our Experience. Your Success.



Distributor
Inter Agro BD Ltd.
Road # 29, House # 396, Flat # A4
New DOHS, Mohakhali, Dhaka-1206
Tel : + 88 02 8750747, Fax : + 88 02 8818532
Mob : + 88 01711 592002

For more product information visit : www.ctbworld.com

প্রেসিডেন্টের বাণী



ওয়ার্ল্ডস পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন- বাংলাদেশ শাখার WPSA-BB ত্রৈ-মাসিক নিউজলেটার তৃতীয় বর্ষে পদার্পণ করায় এর সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাচ্ছি। শত ব্যস্ততার মাঝেও এ সংখ্যা যথাসময়ে প্রকাশ হওয়ায় আমি আনন্দিত। WPSA-BB-এর নিয়মিত কার্যক্রমের মধ্যে নিউজলেটার প্রকাশনা একটি অন্যতম কাজ হলেও বিগত সময়ে তা নিয়মিত প্রকাশ করা সম্ভব হয়নি বিধায় সম্পাদকীয় পরিষদের পক্ষ থেকে আমি সম্মানিত সুধীবৃন্দের নিকট দুঃখ প্রকাশ করছি।

আপনারা অবগত আছেন যে, WPSA-BB নিউজলেটার এ WPSA-BB-এর বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনার সচিব সংবাদ, দেশী-বিদেশী পোল্ট্রি সম্পর্কিত খবর, WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা ছাড়াও পোল্ট্রি বিষয়ক বিভিন্ন প্রবন্ধ/নিবন্ধ প্রকাশিত হয়ে থাকে যার মাধ্যমে WPSA-BB এর তৃণমূল সদস্য ও খামারীদেরকে আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পোল্ট্রি বিষয়ে হালনাগাদ তথ্য সরবরাহের মাধ্যমে নতুন নতুন উদ্ভাবনীর সাথে পরিচিত করা ও পোল্ট্রি উৎপাদন বৃদ্ধির ব্যাপারে উৎসাহ প্রদান করা সম্ভব হচ্ছে। আর সকল শ্রেণীর সম্মানিত পাঠক, ক্ষুদ্র খামারী, ব্যবসায়ী ও পেশাজীবীদের সমৃদ্ধি অর্জনই হলো WPSA-BB-এর ত্রৈ-মাসিক নিউজলেটার প্রকাশনার সফলতা।

২০১৩-২০১৪ অর্থ বছরের বাজেটে পোল্ট্রি সেক্টরকে (ফিড মিল ছাড়া) পূর্বের ন্যায় আয়করমুক্ত রাখা হয়েছে। পোল্ট্রি খামারের জন্য ফিডের উপাদানসহ রেডি ফিড বিনা শুক্রে আমদানির ঘোষণা দেয়া হয়েছে। তাছাড়াও পোল্ট্রি খামারীদের আর্থিক সহায়তার জন্য একটি তহবিল গঠনসহ ছোট পোল্ট্রি খামারীদের আর্থিক সহায়তার জন্য সহজ শর্তে ঋণ ঘোষণা দেয়া হয়েছে। অপরদিকে পোল্ট্রি শিল্পকে বিদেশী কোম্পানীর অন্তর্ভুক্ত করতে আইন অমান্য করে গড়ে তোলা বিদেশী খামারগুলো অনতিবিলম্বে বন্ধ করা ও তাদের অনৈতিক কার্যক্রমের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের জন্য আমাদের পক্ষ থেকে দাবি জানানো হয়েছে। অধিকন্তু ফিড মিলকে পূর্বের ন্যায় কর অবকাশের আওতায় রাখা, এ শিল্পে অর্থ আইনের ১৬ সিসিসি প্রয়োগ না করা এবং বিদেশ থেকে বিনা শুক্রে তৈরী খাদ্য আমদানীর অনুমতি না দেয়ার জন্য সরকারের নিকট আকুল আবেদন জানানো হয়েছে।

পরিশেষে WPSA-BB কর্তৃক আয়োজিত ৮ম আন্তর্জাতিক পোল্ট্রি শো ও সেমিনার-২০১৩ এর সফল আয়োজনে সম্পৃক্ত কার্যনির্বাহী পরিষদ ও কারিগরি কমিটির সকল সম্মানিত সদস্য, অন্যান্য সদস্য, স্পন্সর প্রতিষ্ঠান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং সরকারের সকল সহযোগি প্রতিষ্ঠান সমূহের নিকট আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি আরো কৃতজ্ঞতা প্রকাশ করছি WPSA-BB-এর সকল সম্মানিত সদস্য যাদের সার্বিক সহযোগিতায় AGM ও কার্যনির্বাহী পরিষদ নির্বাচন অত্যন্ত আনন্দ ঘন পরিবেশে সম্পন্ন করা সম্ভব হয়েছে।

সম্মানিত পাঠকবৃন্দ, অবশ্যই আপনারদের সুচিন্তিত মতামত ও লেখনী/প্রবন্ধ প্রদান করে WPSA-BB এর ত্রৈ-মাসিক নিউজলেটার এর মানোন্নয়নের লক্ষ্যে সহযোগিতা করবেন। যাদের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতার ফলে এ সংখ্যা প্রকাশ করতে সক্ষম হয়েছি তাদের প্রত্যেকের প্রতি আমার আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা।

মসিউর রহমান
প্রেসিডেন্ট, WPSA-BB

